

কবি

কতো এলোমেলো ছেঁড়া শব্দে
তাদের অনেক যত্নে কুড়িয়ে নিচ্ছে
যদিও ভাঙনচিহ্ন সারা গায়ে, তবু অন্ধ
দেখেও দেখছে না---
মায়াবী আবেশ নেই, আকাশ এমনই খাশুখা
তবুও দৃশ্যেরা তোর চোখের পুষ্টি হয়ে আছে।

এই তো অন্তঃসার, এমন অলীক আনন্দ নিয়ে
বধির মুহূর্তের কানে কী মন্ত্র শোনাতে চাও তুমি

হিমবত্ত বন্দ্যোপাধ্যায়

